**রেজিস্ট্রার দপ্তর**
জগন্নাথ বিশ্ববিদ্যালয়
ঢাকা-১১০০, বাংলাদেশ
ফোন: (+৮৮০-২) ৯৫৩৪২৫৫
ই-মেইল: registrar@jnu.ac.bd
ফ্যাক্স: (+৮৮০২) ৪৭১১৮৪৪৯

জবি/প্রশা-৩২(১১৮)/২০১১/ ৭২০

তারিখ: ২৭ আশ্বিন, ১৪২৯
১২ অক্টোবর, ২০২২

# পরিপত্র

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের সকল অনুষদের জন্য সুপারিশকৃত **Dean's Award** নীতিমালা এবং ডীন্‌স অ্যাওয়ার্ড প্রাপ্তির জন্য **আবেদন ফরম** গত ১১/০৯/২০২২ তারিখে অনুষ্ঠিত একাডেমিক কাউন্সিলের ৬২-তম সভার সিদ্ধান্ত/সুপারিশ {সিদ্ধান্ত-৫ (১)} মোতাবেক গত ১৮/০৯/২০২২ তারিখে অনুষ্ঠিত সিন্ডিকেটের ৯০-তম সভায় অনুমোদিত হয়।

উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে,

১২/১০/২২

**(প্রকৌশলী মোঃ ওহিদুজ্জামান)**
রেজিস্ট্রার

সংযুক্তি: Dean's Award নীতিমালা এবং ডীন্‌স অ্যাওয়ার্ড প্রাপ্তির জন্য আবেদন ফরম -এর কপি।

জবি/প্রশা-৩২(১১৮)/২০১১/ ৭২০

তারিখ: ২৭ আশ্বিন, ১৪২৯
১২ অক্টোবর, ২০২২

**<u>সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):</u>**

১-৬. ডীন, সকল অনুষদ, জবি;
৭-৮. পরিচালক, শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট (IER)/ ইনস্টিটিউট অব মর্ডান ল্যাংগুয়েজস (IML), জবি;
৯-৪৪. চেয়ারম্যান, সকল বিভাগ, জবি;
৪৮-৫৪. পরিচালক(গবেষণা/ছাত্র কল্যাণ/অর্থ ও হিসাব/পউও/আইসিটি সেল/পিআরআইপি/IQAC), জবি;
৫৫. উপ-পরিচালক (অডিট), ট্রেজারার দপ্তর (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য), জবি;
৫৬. ডেপুটি রেজিস্ট্রার, একাডেমিক, রেজিস্ট্রার দপ্তর, জবি;
৫৭. পিএস টু ভিসি, উপাচার্য দপ্তর (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), জবি;
৫৮. সেল প্রধান, অডিট সেল, জবি;
৫৯-৬০. সংশ্লিষ্ট নথি/অফিস নথি।

১২/১০/২০২২

**(মোহাম্মদ মশিরুল ইসলাম)**
ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন)।

১১/৯/২০২২ তারিখে অনুষ্ঠিত একাডেমিক কাউন্সিলের
৬২ তম সভার ৫(১) নং সিদ্ধান্ত সংশ্লিষ্ট

পরিশিষ্ট- ১

## ডীন্‌স অ্যাওয়ার্ড নীতিমালা

জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা।

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের কলা/বিজনেস স্টাডিজ/বিজ্ঞান/সামাজিক বিজ্ঞান/আইন/লাইফ এন্ড আর্থ সায়েন্স অনুষদভূক্ত সকল বিভাগের ৪ বছর মেয়াদী স্নাতক (সম্মান) চূড়ান্ত পরীক্ষায় উত্তীর্ণ সর্বোচ্চ মেধাবী শিক্ষার্থীদের ডীন্‌স অ্যাওয়ার্ড (Dean's Award) প্রদান করার লক্ষ্যে ৬টি অনুষদ কর্তৃক প্রস্তাবিত ভিন্ন ভিন্ন ডিনস অ্যাওয়ার্ড নীতিমালা ২৮/০৮/২০২২ ইং তারিখ অনুষ্ঠিত ডীন্‌স কমিটির ১১তম (মুলতবি) সভায় পর্যালোচনা করে নিম্নরূপভাবে তা চূড়ান্ত অনুমোদন ও বাস্তবায়নের জন্য সর্বসম্মতিক্রমে সুপারিশ করা হয়:

ডীন্‌স অ্যাওয়ার্ড নীতিমালা :

| | | |
|---|---|---|
| ১. নাম: | | ডীন্‌স অ্যাওয়ার্ড (Dean's Award)।<br>কলা/বিজনেস স্টাডিজ/বিজ্ঞান/সামাজিক বিজ্ঞান/আইন/লাইফ এন্ড আর্থ সায়েন্স অনুষদ। |
| ২. ক্ষেত্র ও সংখ্যা: | | জগন্নাথ বিশ্ববিদ্যালয় থেকে প্রতি বছর কলা/বিজনেস স্টাডিজ/বিজ্ঞান/সামাজিক বিজ্ঞান/আইন/লাইফ এন্ড আর্থ সায়েন্স অনুষদের আওতাধীন প্রতিটি বিভাগ থেকে কেবলমাত্র স্নাতক (সম্মান) পরীক্ষায় উত্তীর্ণ সর্বোচ্চ CGPA অর্জনকারী ০১ (এক) জন করে শিক্ষার্থী এই ডীন্‌স অ্যাওয়ার্ড প্রাপ্তির জন্য মনোনীত হবে। |
| ৩. যোগ্যতা ও বাছাই প্রক্রিয়া: | ৩.১ | ডীন্‌স অ্যাওয়ার্ড কেবলমাত্র বিশ্ববিদ্যালয়ের নিয়মিত শিক্ষার্থীদের প্রদান করা হবে। |
| | ৩.২ | ডীন্‌স অ্যাওয়ার্ডের জন্য মনোনীত হতে হলে স্নাতক (সম্মান) চূড়ান্ত পরীক্ষায় নূন্যতম CGPA ৩.৭৫ থাকতে হবে। |
| | ৩.৩ | একই বিভাগে একাধিক শিক্ষার্থী সমান CGPA অর্জন করলে, ঐ সকল শিক্ষার্থীদের ১ম থেকে ৮ম সেমিস্টার পর্যন্ত প্রাপ্ত মোট নম্বর বিবেচনা করা হবে। এরপরও যদি সমতা থাকে, তবে সেই ক্ষেত্রে এস.এস.সি ও এইচ.এস.সি পরীক্ষার ফলাফল বিবেচনা করে চূড়ান্ত প্রার্থী মনোনয়ন দেওয়া হবে। |
| | ৩.৪ | ডীন্‌স অ্যাওয়ার্ডের জন্য নির্ধারিত ফরমে আবেদনকারীর আবেদন পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তর ও রেজিস্ট্রার দপ্তরের একাডেমিক শাখার মতামত পাওয়ার পর সংশ্লিষ্ট অনুষদের ডীন্‌স অ্যাওয়ার্ড পরিচালনা পর্ষদের সভায় চূড়ান্ত বাছাইয়ের জন্য পেশ করা হবে। |
| ৪. শর্তাবলী: | ৪.১ | বিভাগের সর্বোচ্চ CGPA অর্জনকারী শিক্ষার্থী নিম্নলিখিত শর্ত পূরণ সাপেক্ষে এই অ্যাওয়ার্ডের জন্য মনোনীত হবেন। |
| | ৪.২ | স্নাতক (সম্মান) শ্রেণীর কোনো সেমিস্টারে রিটেক (Retake) থাকতে পারবে না। |
| | ৪.৩ | কোনো কোর্সে মানোন্নয়ন (Improvement) পরীক্ষা থাকতে পারবে না। |
| | ৪.৪ | কোনো সেমিস্টারে পুনঃভর্তি (Re-Admission) থাকতে পারবে না। |
| | ৪.৫ | সাপ্লিমেন্টারী (Supplementary) পরীক্ষায় অংশগ্রহণ থাকতে পারবে না। |
| | ৪.৬ | কোনো সেমিস্টার পরীক্ষায় এক বা একাধিক কোর্সে F-গ্রেড থাকতে পারবে না। |
| | ৪.৭ | স্নাতক (সম্মান) পর্যায়ে প্রতিটি সেমিস্টারে ক্লাস উপস্থিতি (Class Attendance) নূন্যতম ৮০% থাকতে হবে। |
| | ৪.৮ | স্নাতক (সম্মান) শ্রেণিতে অধ্যয়নকালে বিশ্ববিদ্যালয় কর্তৃক কোন প্রকার আর্থিক, একাডেমিক অথবা শৃঙ্খলা বিষয়ক শাস্তি প্রাপ্ত হওয়া যাবে না। |
| ৫. অ্যাওয়ার্ডের প্রকৃতি ও অনুষ্ঠান: | | অ্যাওয়ার্ড প্রাপ্ত প্রতি শিক্ষার্থীকে ১টি সনদপত্র ও ১টি ক্রেস্ট প্রদান করা হবে। মাননীয় উপাচার্য, ট্রেজারার, সকল অনুষদের ডীন ও সংশ্লিষ্ট অনুষদের সকল শিক্ষকের উপস্থিতিতে একটি অনুষ্ঠানের মাধ্যমে ডীন্‌স অ্যাওয়ার্ড প্রদান করা হবে। |

১১/৮/২০২২ তারিখে অনুষ্ঠিত একাডেমিক কাউন্সিলের
৬২ তম সভার ৫(১১) নং সিদ্ধান্ত মোতাবেক

# পরিশিষ্ট-২

## জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা

ডীনস অ্যাওয়ার্ড প্রাপ্তির জন্য আবেদনপত্র

স্নাতক (সম্মান) পরীক্ষা : ......................................সন

১. বিভাগ : ..................................................................................................

২. আবেদনকারীর নাম: (ক) ইংরেজি (Block Letter): ..........................................................

(খ) বাংলা: ..........................................................................

৩. পিতার নাম: (ক) ইংরেজি (Block Letter): ..........................................................

(খ) বাংলা: ..........................................................................

৪. মাতার নাম: (ক) ইংরেজি (Block Letter): ..........................................................

(খ) বাংলা: ..........................................................................

৫. বর্তমান ঠিকানা/যোগাযোগের ঠিকানা: ..........................................................

..................................................................................................

৬. স্থায়ী ঠিকানা: ..........................................................................

..................................................................................................

৭. প্রাপ্ত সিজিপিএ: ..............................................

৮. আবেদনকারীর স্বাক্ষর ও তারিখ: ..............................................ফোন নম্বর..............................

৯. মোট নম্বর (বিভাগ কর্তৃক পূরণীয়): ..............................

১০. ক্লাসে উপস্থিতি (বিভাগ কর্তৃক পূরণীয়):

| | | |
|---|---|---|
| ১ম বর্ষ: | % | উপস্থিতির গড়= ...........% |
| ২য় বর্ষ: | % | |
| ৩য় বর্ষ: | % | |
| ৪র্থ বর্ষ: | % | |

১১. বিভাগীয় ছাত্র উপদেষ্টার স্বাক্ষর ও তারিখ: ..........................................................

১২. বিভাগীয় চেয়ারম্যানের স্বাক্ষর ও তারিখ: ..........................................................

বি. দ্র. ১। আবেদনকারীকে ১ম বর্ষ থেকে ৪র্থ বর্ষ [illegible] পর্যন্ত [illegible] পরীক্ষার সত্যায়িত ট্রান্সক্রিপ্ট সংযোজন করতে হবে (২ সেট)।
২। প্রার্থীকে সিজিপিএ সর্বনিম্ন ৩.৭৫ এবং ক্লাসে ৮০% উপস্থিতি থাকতে হবে।
৩। [illegible] F Grade [illegible] improvement/readmission থাকলে আবেদন করতে পারবে না।